



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪০.১৯-১৫৮

তারিখঃ ০৯ চৈত্র ১৪২৬ ব.  
২৩ মার্চ ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৫৪০০/১০ মামলায় গত ০২.০২.১১ তারিখের রায়, আপিল মামলা নং-১১০০/১২ এর ০৯.০২.১৪ তারিখের রায়ের নির্দেশনা এবং কনটেম্পট পিটিশন নং-১৭৬/১৯ মামলার নির্দেশনা অনুযায়ী খানজাহান আলী টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজ -এর শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ০১.০১.১০ থেকে ৩০.০৬.১৪ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) প্রাপ্তি সংক্রান্ত।

সূত্র: (১) অধ্যক্ষ, খানজাহান আলী টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজ, তেলিগাতী, খুলনা এর আবেদন, তারিখ: ১৮/৬/১৯ খ্রি.  
(২) টিএমইডি'র স্মারক নং- টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪০-১৯-৪১৩ তারিখ: ১৮/০৮/২০১৯ খ্রি.  
(৩) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৯(ফাইল: ৫-৭)১৪৬৫. তারিখ: ২৫/০৬/২০১৯ খ্রি.  
(৪) অধ্যক্ষ, খানজাহান আলী টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজ, তেলিগাতী, খুলনা এর আবেদন, তারিখ: ২৬/০২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ, খানজাহান আলী টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজ, খুলনা কর্তৃক রিট পিটিশন নং-৫৪০০/১০ মামলায় গত ০২.০২.১১ তারিখের রায়, আপিল মামলা নং-১১০০/১২ এর ০৯.০২.১৪ তারিখের রায়ের নির্দেশনা এবং কনটেম্পট পিটিশন নং-১৭৬/১৯ মামলার নির্দেশনা অনুযায়ী ০৬.০৫.১০ থেকে ৩০.০৬.১৪ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) প্রাপ্তির জন্য সূত্রোক্ত (১) নং আবেদন করা হয়েছিল।

২। তৎপ্রেক্ষিতে রিট পিটিশন নং-৫৪০০/১০ মামলায় গত ০২.০২.১১ তারিখের রায়, আপিল মামলা নং-১১০০/১২ এর ০৯.০২.১৪ তারিখের রায়ের নির্দেশনা এবং কনটেম্পট পিটিশন নং-১৭৬/১৯ মামলার নির্দেশনা অনুযায়ী বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ০১.০১.১০ থেকে ৩০.০৬.১৪ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) প্রাপ্তির আবেদনটি বিবেচনার সুযোগ নেই মর্মে কনটেম্পট পিটিশন নং-১৭৬/১৯ (রিট পিটিশন নং-৫৪০০/১০ হতে উদ্ভূত) এর বিষয়ে সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিতকরণসহ গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি TMED কে অবহিত করার জন্য DTE কে ১৮/৮/১৯ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে অনুরোধ করা হয়। উক্ত পত্রের অনুলিপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষকেও প্রদান করা হয়।

৩। টিএমইডি'র উক্ত পত্রের প্রেক্ষিতে ডিটিই কর্তৃক আলোচ্য বিষয়টি সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিত করার জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ ডিটিই'র প্যানেল আইনজীবী বরাবর গত ২৫/৬/১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে পত্র প্রেরণ করে উহার অনুলিপিসহ টিএমইডিতে প্রেরণ করা হয়েছে।

৪। এক্ষণে পিটিশনার কর্তৃক ০১.০১.১০ হতে ৩০.০৬.১৪ তারিখ পর্যন্ত বকেয়া (এমপিও) প্রাপ্তির বিষয়ে সচিব, টিএমইডি বরাবর পুনরায় সূত্রোক্ত (৪) নং আবেদনপত্র দাখিল করা হয়েছে।

৫। উল্লেখ্য- রিট পিটিশন নং-৫৪০০/১০ মামলায় বিগত ১৫.১২.১০ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিম্নোক্ত রায়/আদেশ প্রদান করা হয়:

"The respondents are hereby directed to enlist the name of the respective College in the MPO list within a period of 90 days from the date of receipt of this judgment and order provided those Colleges fulfill the requirements as provided in "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" published on 4.2.2010. অর্থাৎ মহামান্য হাইকোর্ট কর্তৃক শুধুমাত্র উক্ত প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির জন্য নির্দেশনা দেয়া হয়েছে বকেয়া প্রদান বিষয়ে কোন নির্দেশনা দেয়া হয়নি।

৬। উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-১১০০/১২ মামলা দায়ের করা হলে মাননীয় আপিল আদালত কর্তৃক বিগত ০৯.০২.১৪ খ্রি: তারিখে নিম্নরূপ রায়/নির্দেশনা প্রদান করা হয়-

"The leave petition is out of time by 442 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. As such, the leave petition is dismissed as barred by limitation." এর ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায়।

চলমান পাতা নং-০২

৭। যেহেতু রিট মামলার রায়ে বকেয়া প্রদানের কোন নির্দেশনা নেই এবং আপিল মামলার রায়ে মহামান্য হাইকোর্ট বিভাগের রায় হুবহু বহাল রাখা হয়েছে এবং উক্ত বিষয়টি ইতোমধ্যে টিএমইডি হতে ১৮/৮/১৯ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে আবেদনকারীকে অবহিত করা হয়েছে সেহেতু বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ০১.০১.১০ থেকে ৩০.০৬.১৪ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) প্রদানের সুযোগ নেই মর্মে নির্দেশক্রমে মহোদয়-কে অবহিত করা হলো।

(মো: আ: খালেক মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

অধ্যক্ষ

খানজাহান আলী টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজ  
তেলিগাতি, কুয়েট, খুলনা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা (কনটেন্ট মামলার সর্বশেষ অবস্থা টিএমইডি-কে অবহিতকরণসহ কনটেন্ট মামলায় মনিটরিং বাড়ানোর অনুরোধসহ)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৬। অফিস কপি/মাস্টার কপি।